দৈনিক ইত্তেফাক

তারিখ 11 NOV 1993
পৃষ্ঠা 12 কলাম 2

# নেত্রকোনায় সহস্রাধিক শিক্ষকের অবস্থান ধর্মঘট

নেত্রকোনা সংবাদদাতা ॥ নেত্রকোনা জেলার ২২৮টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা তাহাদের ৪ দফা দাবী আদায়ের উদ্দেশ্যে গতকাল (বুধবার) নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়ে বেলা ১২টা হইতে বিকাল ৪টা পর্যন্ত অবস্থান ধর্মঘট করে। পূর্বাহ্নে তাহারা শহীদ মিনার হইতে শহরে এক বিক্ষোভ মিছিল বাহির করে। তাহাদের ৪ দফা দাবীর মধ্যে রহিয়াছে সকল বেসরকারী বিদ্যালয়গুলিকে সরকারীকরণ, রেজিষ্ট্রেশনপ্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষকদের বেতন ৫ শত টাকা হইতে ১ হাজার ৫ শত টাকায় উন্নীত করা, পৌর এলাকার বিদ্যালয়গুলিতে ৪ জনের অধিক শিক্ষককে অনুদান প্রদান এবং এসএসসি পাস শিক্ষকদের গ্রহণ করা।